

(ঙ) ‘দেশের পুরো অতীতটা পচা — নির্মম সাজারি না চালালে নতুন রক্ত সঞ্চালিত হবে না।’ — এই উক্তিটির আলোকে বক্তার মনোভাব বিশ্লেষণ করো। ৫

[অথবা] ‘আবার সেই অপ্রশস্ত নোংরা গলি দিয়ে হাঁটতে হাঁটতে তন্ময় হ’য়ে ভাবে দেবরত, এই মধ্যবিস্তৃ সংগ্রামের আড়ালেই কি বয়ে চলেছে লেখিকার জীবনের অন্তঃসলিলা প্রাণের প্রবাহ!’ — উদ্ধৃতির তাৎপর্য লেখো। ৫

সপ্তম পত্র — ২০১২

পূর্ণমান—১০০

১৫ নম্বরের প্রশ্ন ৩০০ শব্দে, ১০ নম্বরের প্রশ্ন ২০০ শব্দে ও ৫ নম্বরের প্রশ্ন ১০০ শব্দের মধ্যে উত্তর দেওয়া বাঞ্ছনীয়

১। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

(ক) সাহিত্য সমালোচনার উপযোগিতা কী? এই সমালোচনা কখন এবং কীভাবে একটি স্বতন্ত্র শিল্প হয়ে ওঠে উদাহরণসহ আলোচনা করো। ৩+৭

(খ) রম্যরচনা কোন কোন গুণে রমণীয় হয়ে ওঠে? রম্যরচনা ও লঘুরচনা কি এক জাতের? বাংলা সাহিত্যের একজন সফল রম্যরচনাকার সম্পর্কে আলোকপাত করো। ৩+৩+৪

(গ) ব্যক্তিগত প্রবন্ধ বলতে কী বোঝো? ব্যক্তিগত প্রবন্ধের একটি নিদর্শনসহ তার বৈশিষ্ট্যের পরিচয় দাও। ৩+৭

(ঘ) সংক্ষিপ্ত পরিচয় দাও : (যে কোনো দুটি) ৫+৫

(অ) পত্র সাহিত্য (আ) ডায়ারি (ই) ভ্রমণ সাহিত্য

২। (ক) “এ পূজার তাম্রশ্মশ্রুধারী ইংরেজ নামে ঋষিগণ পুরোহিত; এডাম স্মিত পুরাণ এবং মিল তন্ত্র ইহাতে পূজার মন্ত্র পড়িতে হয়; এ উৎসবে ইংরেজি সম্বাদ-পত্র সকল ঢাক ঢোল, বাঙ্গালা সম্বাদ-পত্র কাঁসিদার; শিক্ষা এবং উৎসাহ ইহাতে নৈবেদ্য, এবং হৃদয় ইহাতে ছাগবলি। এ পূজার ফল ইহলোক ও পরলোকে অনন্ত নরক।” — উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১৫

[অথবা] ‘কমলাকান্তের দপ্তর’কে কোন শ্রেণীর সাহিত্য বলা যায়, আলোচনা করো। ১৫

৩। (ক) কোনো সমালোচক ‘ছিন্নপত্র’কে বলেছেন, ‘পদ্মাতীরের পত্রকাব্য’। — তুমি এই অভিমত সমর্থন করো কিনা তা প্রাসঙ্গিক নিদর্শনসহ বিচার করো। ১৫

[অথবা] (খ) ‘সবুজপত্রের’ কাল তখনও বহুদূর। অথচ ১৮৯৫ সালের মধ্যে লিখিত ‘ছিন্নপত্রের’ মধ্যে রবীন্দ্রনাথ চলিত গদ্যের আশ্চর্য নৈপুণ্য দেখালেন। — দৃষ্টান্তসহ এই নৈপুণ্যের পরিচয় দাও। ১৫

৪। (ক) “ধর্মের বেলা আমরা বিজ্ঞতার পরিচয় দিয়েছি। ভাষার বেলাও কি দিতে পারিনে?” — ধর্মের বেলা আমাদের কী ধরনের বিজ্ঞতা প্রকাশ পেয়েছে? ভাষার ক্ষেত্রেও সেই বিজ্ঞতা কীভাবে সম্ভব বলে লেখক মনে করেছেন, তা বুঝিয়ে দাও। ৫+১০

[অথবা] গ্রামোন্নয়নের ক্ষেত্রে কৃষি সমস্যার গুরুত্ব বিচার করো এবং এই সমস্যা নিরসনে প্রাবন্ধিক যে বক্তব্যগুলি রেখেছেন, তা আলোচনা করো। ১৫

৫। (ক) “ইতিহাসের তিনটি বড় রকমের সমুখানের মধ্য দিয়ে আধুনিকতার এই ক্রমবিকাশকেও আমরা চিহ্নিত করতে পারি।” — বিশ্বের ইতিহাসের প্রেক্ষিতে প্রাবন্ধিক কথিত উত্থানগুলি নির্দেশ করে আধুনিকতার ক্রমবিকাশটি বিশ্লেষণ করো। ১৫

[অথবা] “সব সত্ত্বেও একথা সত্য যে রবীন্দ্রনাথের পরে বাংলা ভাষায় তিনিই প্রথম মৌলিক কবি।” — যাঁর সম্পর্কে কথাগুলি বলা হয়েছে, তাঁর মৌলিকতার লক্ষণগুলি নির্দেশ করো। এ বিষয়ে তুমি প্রাবন্ধিকের সঙ্গে সম্পূর্ণ একমত কিনা লেখো। ৫+১০

৬। নিম্নলিখিত যে-কোনো একটি বিষয় নিয়ে প্রবন্ধ রচনা করো : ২০
 (ক) মধ্যযুগের বাংলা কাব্যে নারী (খ) প্রবন্ধ-শিল্পী বঙ্কিমচন্দ্র (গ) বাংলা রাজনৈতিক উপন্যাস (ঘ) সাহিত্যের অগ্রগতিতে সাময়িকপত্রের ভূমিকা (ঙ) স্বাধীনতা-পরবর্তী বাংলা কবিতা (চ) বাংলা নাটকে প্রতিবাদী চেতনা (ছ) বাংলা আঞ্চলিক উপন্যাস

অষ্টম পত্র — ২০১২

পূর্ণমান—১০০

১৫ নম্বরের প্রশ্ন ৩০০ শব্দে, ১০ নম্বরের প্রশ্ন ২০০ শব্দে ও ৫ নম্বরের প্রশ্ন ১০০ শব্দের মধ্যে উত্তর লেখা বাঞ্ছনীয়

১। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

(ক) ভবভূতি তাঁর উত্তররামচরিত নাটকে বাঙ্গালীকি রামায়ণকে কতদূর অনুসরণ করেছেন? প্রসঙ্গক্রমে এই নাটক রচনায় নাট্যকারের কৃতিত্ব বিচার করো। ৫+১০

(খ) ‘মুছকটিক’ নাটকের কাহিনি সংক্ষেপে লিখে এই নাটককে ‘আধুনিক’ বলার কারণগুলি বিশ্লেষণ করো। ৫+১০

(গ) কালিদাস রচিত যে-কোনো তিনটি কাব্যের নামোল্লেখ করে যে-কোনো দুটি কাব্য সম্পর্কে বিস্তৃত আলোচনা করো। ৩+১২

২। যে-কোনো একটি বিষয়ে সংক্ষেপে আলোচনা করো : ৫

কাদম্বরী, গীতগোবিন্দমের ভাষা, অভিজ্ঞানশকুন্তলম্, বিক্রমোর্বশী, হর্ষচরিত।

৩। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

(ক) ট্র্যাজেডি রচনায় শেকসপিয়রের কৃতিত্ব বিচার করে বাংলা ট্র্যাজেডি নাটক রচনায় শেকসপিয়রের প্রভাব সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৮+৭

(খ) উপন্যাস রচনায় স্যার ওয়ালটার স্কটের কৃতিত্ব বিচার করো। ১৫

(গ) ‘আধুনিক জীবনের অবক্ষয় ও পরিবর্তিত মূল্যবোধের অসামান্য চিত্রণ ঘটেছে এলিয়টের কবিতায়’ — আলোচনা করো। ১৫